

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩১৭

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - নবী (ﷺ) এর প্রতি দর্মদ পাঠ করার নিয়ম

আরবী

وَعَنْ أَبِي مَسْعُودِ الْأَنْصَارِيِّ ـ رضي الله عنه ـ قَالَ: قَالَ بَشِيرُ بْنُ سَعْدِ: يَا رَسُولَ اللَّهِ، أَمَرَنَا اللَّهُ أَنْ نُصَلِّيَ عَلَيْكَ, فَكَيْفَ نُصَلِّي عَلَيْكَ فَسَكَتَ, ثُمَّ قَالَ: «قُولُوا: اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ, وَعَلَى آلِ مُحَمَّدٍ, كَمَا صَلَّيْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ, وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ, وَعَلَى آلِ إِبْرَاهِيمَ فِي الْعَالَمِينَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ. وَالسَّلَامُ كَمَا عَلَى مَثُدُهُ». رَوَاهُ مُسْلِمٌ

وَزَادَ ابْنُ خُزَيْمَةً فِيهِ: فَكَيْفَ نُصلِّي عَلَيْكَ, إِذَا نَحْنُ صلَّيْنَا عَلَيْكَ فِي صلَاتِنَا

صحيح. رواه مسلم (405) حسن. رواه ابن خزيمة (711)، وزاد صلى الله عليك

বাংলা

৩১৭. আবূ মাস'উদ (উকবাহ বিন 'আমির) হতে বর্ণিত। তিনি বলেন, বাশীর বিন সা'দ বললেন, হে আল্লাহর রসূল! আল্লাহ্ আপনার উপর আমাদের সালাত (দরূদ) পাঠের আদেশ করেছেন, তবে আমরা কিরূপে আপনার উপর সালাত (দরূদ) পাঠ করব? তিনি একটু নীরবতা পালন করলেন, তারপর বললেন,

উচ্চারণ: আল্লাহুমা সাল্লি 'আলা মুহাম্মাদিন ওয়া 'আলা আলি মুহাম্মাদিন কামা সল্লাইতা 'আলা ইবরাহীমা ওয়া 'আলা আলি ইবরাহীমা, ইন্নাকা হামীদুম মাজীদ। আল্লাহুমা বারিক 'আলা মুহাম্মাদিন ওয়া 'আলা আলি মুহাম্মাদিন, কামা বারাকতা, 'আলা ইবরাহীমা ওয়া 'আলা আলি ইবরাহীমা, ইন্নাকা হামীদুম মাজীদ।



অর্থ: হে আল্লাহ! মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তাঁর বংশধরদের উপর রহমত নাযিল কর, যেমন তুমি ইবরাহীম ও তাঁর বংশধরদের উপর করেছিলে। নিশ্চয় তুমি প্রশংসিত, অতি মহান। হে আল্লাহ! তুমি মুহাম্মাদ এবং তাঁর বংশধরদের উপর বরকত নাযিল কর, যেমন তুমি ইবরাহীম ও তাঁর বংশধরদের উপর নাযিল করেছিলে। তুমি প্রশংসিত, অতি মহান।

ইবনু খুযাইমাহ তাতে বৃদ্ধি করেছেন: "আমরা আমাদের সালাতে যখন আপনার প্রতি সালাত পাঠ করব তখন কিরূপে আপনার উপর সালাত (দরূদ) পাঠ করব?"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম ৪০৫, তিরমিয়ী ৩২২০, নাসায়ী ১২৮৫, ১২৮৬, আবূ দাউদ ৯৭৯, আহমাদ ১৬৬১৯, হাসান: সহীহ ইবনু খুয়াইমাহ হাঃ ৭১১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু মাসউদ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন